75

আজকের কাগজ

তারিখ ... 10 JUL 1995 ...
পৃষ্ঠা ৪ কলাম ২ ...

## বিদ্যালয় সংস্কারে দুর্নীতি

চাঁদপুর জেলার ফরিদগঞ্জ থানার অন্তর্গত ১৪৪ নং বোলদানা প্রাথমিক বিদ্যালয়টি পুনঃসংস্কারের কাজ প্রাক্তন চেয়ারম্যান সাহেব টেন্ডার মোতাবেক আরম্ভ করে। আমরা এলাকার জনগণ উক্ত কাজের ভালো মন্দ দেখার অধিকারী। শুরুতে প্রাক্তন চেয়ারম্যান সাহেব নিম্নমানের ইট ও পরিমাণের চেয়ে অনেক কম সিমেন্ট দিয়ে কাজ আরম্ভ করে। আমরা এলাকার জনগণ উক্ত সমস্যা থানা প্রকৌশলীকে জানাই এতে তিনি কোনো কর্ণপাত করেননি। উপরন্তু ঠিকাদার সাহেব এলাকার জনগণকে হুমকি দিয়ে বলেছে আমার ইচ্ছা মতো কাজ চলবে। আপনারা বেশি বাড়াবাড়ি করলে কাজ পড়ে থাকবে। ছাদ সংস্কারে নিম্নমানের কংকর যা জুতার তলায় পড়ে পাউডার হয়ে যায় এবং সিডিউল মোতাবেক মজবুত রড লাগানো হচ্ছে না। এইভাবে কাজটি সমাপ্ত করা হলে নির্দিষ্ট সময়ের পূর্বেই বিদ্যালয়টি ধসে পড়বে। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের কৃপা দৃষ্টি আকর্ষণ করছি।

*বোলদানা গ্রামবাসীর পক্ষে*
**মোঃ নহিদ**
*বোলদানা, ফরিদগঞ্জ*
*চাঁদপুর*